

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date:19-10-2024

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Karmayogi week :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লিতে কর্মযোগী জাতীয় শিক্ষা সপ্তাহের সূচনা করবেন। এই সপ্তাহে, প্রত্যেক সরকারী কর্মচারীকে কমপক্ষে চার ঘন্টা দক্ষতা-সংযুক্ত শিক্ষার লক্ষ্য অর্জনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হবে। সপ্তাহে, বিশিষ্ট বক্তারা তাদের বিশিষ্টতার ক্ষেত্রগুলির উপর আলোচনা করবেন এবং কর্মচারীদের আরও কার্যকর পদ্ধতিতে নাগরিক-কেন্দ্রিক পরিষেবার দিকে কাজ করতে সহায়তা করবেন। মন্ত্রক, বিভাগ এবং সংস্থাগুলি ডোমেইন নির্দিষ্ট দক্ষতা বাড়ানোর জন্য সেমিনার এবং কর্মশালারও আয়োজন করবে।

Hojagiri Festival :

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায় গতকাল পেঁচারথল ব্লকের রামগুণা চৌধুরী পাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে দু'দিনব্যাপী ৩২তম রাজ্যভিত্তিক হজাগিরি উৎসবের উদ্বোধন করেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন। ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশনের উদ্যোগে ও রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের সহযোগিতায় এই উৎসব অনুষ্ঠিত হচ্ছে।

উৎসবের হজাগিরি নৃত্য ছাড়া রাজ্যের মিশ্র সংস্কৃতির পরম্পরাকে উর্দু তুলে ধরতে ধামাইল নৃত্য, শিবের গাজন, বিজু নৃত্য, বিহু নৃত্য, মামিতা নৃত্য, চেরাও নৃত্য পরিবেশিত হবে বলে জানিয়েছেন ব্লু সোসিও কালচারাল অর্গানাইজেশনের সাধারণ

সম্পাদক লালবাহাদুর রিয়াং। দু'দিনব্যাপী রাজ্যভিত্তিক হজাগিৰি উৎসবে বিভিন্ন দপ্তরের প্রদৰ্শনী মন্ডপ খোলা হয়েছে। আজ রিয়াং জনজাতিদের আৰ্থ সামাজিক ও সাংস্কৃতিক বিকাশে ব্লু সোসিও কালচারাল অর্গানাইজেশনের উদ্যোগে সেমিনারের আয়োজন করা হয়েছে।

President:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুৰ্মু তাঁর তিনটি আফ্রিকান দেশ সফরে এখন মালউই রয়েছে। গতকাল তিনি সেখানকার প্রধানমন্ত্রী ল্যাজারাস চকওয়েরার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। দু'দেশের প্রতিনিধিদের মধ্যে আলোচনার পর চারটি মৌ স্বাক্ষরিত হয়েছে।

Union Minister P.Margherita visit :

কেন্দ্রীয় পররাষ্ট্র ও বস্ত্র মন্ত্রকের প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটা গতকাল ত্রিপুরার হস্ততাঁত ও কারুশিল্পীদের কারুকাজ ও নকশার প্রশংসা করেন। ত্রিপুরার হস্ততাঁত ও কারুশিল্পের প্রসারে অধিকতর পদক্ষেপ নিতে প্রয়াস নেওয়া হবে বলেও তিনি মন্তব্য করেছেন। শ্রী মার্গেরিটা গতকাল আগরতলায় উইভার্স সার্ভিস সেন্টারে ত্রিপুরার শিল্পীদের তৈরি বাঁশ বেত, রেশম তাঁত ইত্যাদির শিল্প প্রদর্শনী ঘুরে দেখেন।

কেন্দ্রীয় মন্ত্রী বলেন বয়ন শিল্পের প্রসারে ও কারু শিল্পীদের সুরক্ষা দিতে সরকারের বিভিন্ন প্রকল্প রয়েছে এবং সরকার এই প্রকল্প সমূহের বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করে চলেছে।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মার্গেরিটা গতকাল রাজ্য সরকারের হস্ততাঁত ও রেশম শিল্প দপ্তরের কর্মকর্তাদের সঙ্গেও পর্যালোচনা বৈঠক করেন। আগরতলায় অবস্থিত কেন্দ্রীয় সরকারের বস্ত্র মন্ত্রণালয়ের কার্যালয় ও পূর্বাশায় রাজ্য হস্ততাঁত কারুশিল্প ষ্টল পরিদর্শন করেন।

Meeting on PM Surja Ghar Mufat Bijli Yojna:

পিএম সূর্য ঘর মুফত বিজলি এবং পিএম কুসুম প্রকল্প রূপায়ণ নিয়ে গতকাল মহাকরনে এক বৈঠক হয়। পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রণালয়ের অধিকর্তা সুমন চন্দ্রা জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পুনর্নবীকরণযোগ্য শক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদনে অগ্রাধিকার দিয়েছেন। শ্রী চন্দ্রা প্রকল্পের কাজকর্মের অগ্রগতি, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং বিভিন্ন নতুন উদ্যোগ নিয়ে আলোচনা করেন। বৈঠকে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের ডেপুটি জেনারেল ম্যানেজার সুজাতা সরকার পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনা রূপায়ণে রাজ্যের বর্তমান অবস্থা সম্পর্কে অধিকর্তাকে অবহিত করেন। উপস্থিত ছিলেন বিদ্যুৎ দপ্তরের অতিরিক্ত সচিব উদয়ন সিনহা, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের এমডি বিশ্বজিৎ বসু সহ অন্যান্যরা।

Diwali Preparation :

মাতাবাড়িতে তিনদিনব্যাপী দীপাবলি উৎসব আগামী ৩১শে অক্টোবর শুরু হবে। চলবে দোসরা নভেম্বর পর্যন্ত। দীপাবলি উৎসবের প্রস্তুতি নিয়ে গতকাল মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বিধায়ক অভিষেক দেবরায় জানিয়েছেন, এবছর দেওয়ালি উৎসবের সবচেয়ে বেশি আকর্ষণ হচ্ছে আলোক সজ্জায় নতুনত্ব। গোটা মন্দির সহ মাতাবাড়ি এলাকায় নানা আলোক সজ্জায় সাজিয়ে তোলা হবে।

L. Murugan :

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী এল মুরুগান গতকাল বেঙ্গালুরুতে মন্ত্রকের অধীনস্থ মিডিয়া ইউনিটগুলির কার্যক্রম

পর্যালোচনা করেন। তিনি কৃষক, মহিলা এবং ছাত্রদের জন্য গৃহীত কর্মসূচির বিভিন্ন তথ্য সম্পর্কে আলোচনা করেন।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। কোথাও কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত আবার কোথাও বজ্র বিদ্যুৎ সহযোগে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৪ ডিগ্রি সেলসিয়াস। গতকালের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৬ এবং আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস।
